অধ্যায় ১২

# টাকার ব্যবহার

## আলোচ্য বিষয়

- আমার জীবনে টাকার ব্যবহার
- আমার প্রয়োজনে আমার সঞ্চয়।

## অধ্যায়ের মূলকথা

আমরা দৈনন্দিন জীবনে অনেক কিছু ব্যবহার করি। প্রতিটি জিনিসই আমরা ক্রয় করে থাকি। ক্রয়ের জন্য আমাদের দরকার হয় টাকার। বই, খাতা, কলম, পোশাক, ঔষধ, খাবার সবকিছু ক্রয় করতে টাকার প্রয়োজন হয়। যাতায়াতের কাজে রিকশা ভাড়া বা গাড়ি ভাড়া দিতে টাকা ব্যবহার করা হয়। পরিবারের কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য টাকার প্রয়োজন হয়। আবার প্রয়োজনের অতিরিক্ত টাকা খরচ করলে অপচয় হয়। তাই টাকা অপচয় করা উচিত নয়। মানুষ বিভিন্ন কাজের মাধ্যমে টাকা আয় করে থাকে। এই আয় থেকে খরচ করার পর যে টাকা অবশিষ্ট থাকে তা আমরা জমাই। এই জমানোকে সঞ্চয় বলা হয়। সঞ্চয় হলো মানুষের বিপদের বন্ধু। তাই ছোটোবেলা থেকে সঞ্চয়ী হওয়া প্রয়োজন।



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- অর্থের পরিমিত ব্যবহার উপলব্ধি করে সঞ্চয়ী হওয়া।

## অধ্যায়ের শিখনফল

- ব্যক্তিগত জীবনে টাকার ব্যবহার বর্ণনা করতে পারবে।
- ব্যক্তিগত জীবনে সঞ্চয়ের প্রয়োজনীয়তা উল্লেখ করতে পারবে।
- ব্যক্তিগত জীবনে সঞ্চয়ী হতে সচেষ্ট হবে।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) — বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

### পাঠ ১ আমার জীবনে টাকার ব্যবহার

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৫

**দলগত কাজ** (ক) ছবি দেখি ও কী কী কাজে টাকা ব্যবহার করা হচ্ছে তার তালিকা তৈরি করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৬


ছবি-১


ছবি-২


ছবি-৩


ছবি-৪




নির্দেশনা : ছবি দেখে টাকা ব্যবহারের ক্ষেত্রগুলোর তালিকা তৈরি করবে।

উত্তর :




**একক কাজ** (খ) পড়ি ও নিচের ছকে তথ্য লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৬

পাঠ্যবইয়ের ছক :

| | |
|---|---|
| আমি যে যে কাজে টাকা ব্যবহার করি | ১. |
| | ২. |
| | ৩. |
| | ৪. |

উত্তর :

| | |
|---|---|
| আমি যে যে কাজে টাকা ব্যবহার করি | ১. জিনিসপত্র কেনাকাটা করি। |
| | ২. ভবিষ্যতের জন্য সঞ্চয় করি। |
| | ৩. ভাড়া পরিশোধ করি। |
| | ৪. অন্যকে ঋণ দিই। |


**দলগত কাজ** (গ) নিচের চিত্রগুলো পর্যবেক্ষণ করে টাকা নষ্ট হওয়ার কারণগুলো খুঁজে বের করি ও চিত্রে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৭


ছবি-১


ছবি-২


ছবি-৩


ছবি-৪




উত্তর :

**ছবি-১** আঙুলে থুতু লাগিয়ে টাকা গননা করা।

**ছবি-২** টাকার উপরে কলম দিয়ে লেখা।

**ছবি-৩** টাকা ভাঁজ করে আঙুলের ফাঁকে রাখা।

**ছবি-৪** টাকা পানিতে ভেজানো।

**একক কাজ** (ঘ) টাকা ব্যবহার করতে আমি কীভাবে যত্নশীল হব তা নিচের ছকে লিখি– ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৭

পাঠ্যবইয়ের ছক :

| | টাকা ব্যবহারে যেভাবে যত্নশীল হব |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

উত্তর :

| | টাকা ব্যবহারে যেভাবে যত্নশীল হব |
|---|---|
| ১. | ময়লা, অপরিষ্কার হাতে টাকা ধরব না। |
| ২. | ভেজা হাতে টাকা ধরব না। |
| ৩. | টাকার উপর কোনো কিছু লিখব না। |
| ৪. | টাকা পানিতে ভেজাব না। |

## পাঠ ২ আমার প্রয়োজনে আমার সঞ্চয়

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৮

**দলগত কাজ** (ক) ছবিগুলো পর্যবেক্ষণ করে তার নিচে তথ্য লিখি– ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৮

পাঠ্যবইয়ের চিত্র :

কীসের ছবি

---------।



কী করছে

কেন করছে

---------------- ----------------

---------------- ----------------

উত্তর :

কীসের ছবি
মাটির ব্যাংক
---------।



কী করছে

কেন করছে

মাটির ব্যাংকে কয়েন রেখে সঞ্চয় করছে

প্রয়োজনের সময় সঞ্চয় করা অর্থ বের করে ব্যবহার করছে

**একক কাজ** (খ) পড়ি ও আমি কেন সঞ্চয় করব তা নিচের ছকে লিখি– ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৯

পাঠ্যবইয়ের ছক :

| ক্রমিক নং | যে যে কারণে আমি সঞ্চয় করব |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

নির্দেশনা : সঞ্চয় করার বিভিন্ন উপকারিতা সম্পর্কে ছকে লিখবে।

উত্তর :

| ক্রমিক নং | যে যে কারণে আমি সঞ্চয় করব |
|---|---|
| ১. | ভবিষ্যতের প্রয়োজন মেটানোর জন্য। |
| ২. | আমার বিভিন্ন ইচ্ছা পূরণের জন্য। |
| ৩. | বাবা-মাকে সহায়তা করার জন্য। |
| ৪. | অভাব থেকে দূরে থাকার জন্য। |

**একক কাজ** (গ) রাজু, অভি, আরিশা ও নুহার কথাগুলো পড়ি। আমি কীভাবে সঞ্চয়ী হব তা নিচের ছকে লিখি– ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৯




উত্তর :

| | |
|---|---|
| আমি সঞ্চয়ী হওয়ার জন্য যা যা করব | ১. ঈদে পাওয়া সেলামির টাকা থেকে কিছু টাকা জমা রাখব। |
| | ২. বড়োদের কাছ থেকে কয়েন পেলে তা মাটির ব্যাংকে জমাব। |
| | ৩. দেওয়া টিফিনের টাকা থেকে কিছু টাকা প্রতিদিন জমাব। |
| | ৪. জন্মদিন বা যেকোনো উৎসবে পাওয়া উপহারের টাকা বাবা-মায়ের কাছে জমা রাখব। |

# শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

## পাঠ ১ আমার জীবনে টাকার ব্যবহার

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবি দেখে নিচের প্রশ্নগুলো উত্তর দাও।




- এটি কী?
- এটি দিয়ে কী করা হয়?
- তুমি কি টাকা কোনো কাজে ব্যবহার করেছো?
- কী কাজে?

**নমুনা উত্তর**

- **এটি কী?**
  উত্তর : এটি ৫০০ টাকার নোট।
- **এটি দিয়ে কী করা হয়?**
  উত্তর : টাকা দিয়েই আমরা প্রতিদিনের জিনিসপত্র কেনাকাটা করি। পরিবারের কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য টাকার দরকার। টাকা দিয়ে উপহার কিনে প্রিয়জনকে দিই। আমরা বই, খাতা, কলম আরও নানা জিনিস কিনতে টাকা ব্যবহার করি। পরিবারের ও নিজের হঠাৎ প্রয়োজন মেটানোর জন্যও টাকা দরকার। আমরা টাকা দিয়ে ভবিষ্যতের নানা প্রয়োজন মেটাই।
- **তুমি কি টাকা কোনো কাজে ব্যবহার করেছো?**
  উত্তর : হ্যাঁ। আমি টাকা বিভিন্ন কাজে ব্যবহার করেছি।
- **কী কাজে?**
  উত্তর : আমি বই, খাতা ও কলম কিনতে, রিকশা ভাড়া দিতে, বাস-ট্রেনের টিকিট কিনতে, ওষুধ কিনতে, উপহার ইত্যাদি কাজে ব্যবহার করেছি।



**একক কাজ** ছবি দেখে নিচের প্রশ্নগুলো উত্তর দাও।



- এই চিত্রের টাকার নোট ভালো না নষ্ট?
- কীভাবে নোটটি নষ্ট হয়েছে বলে মনে হয়?
- আরও কীভাবে নষ্ট হতে পারে?
- টাকা যাতে নষ্ট না হয় সে জন্য আমাদের কী করা উচিত?

**নমুনা উত্তর**

- **এই চিত্রের টাকার নোট ভালো না নষ্ট?**
  উত্তর : এই টাকার নোট নষ্ট।
- **কীভাবে নোটটি নষ্ট হয়েছে বলে মনে হয়?**
  উত্তর : ভুলবশত কোনো কারণে টাকার নোটটি ছিঁড়ে নষ্ট হয়েছে বলে মনে হয়।
- **আরও কীভাবে নষ্ট হতে পারে?**
  উত্তর : আরও যেভাবে নষ্ট হতে পারে তা হলো— আঙুলে থুতু লাগিয়ে টাকা গণনা করা, টাকার উপরে কলম দিয়ে লেখা, টাকা ভাঁজ করে আঙুলের ফাঁকে রাখা, টাকা পানিতে ভেজানো ইত্যাদি।
- **টাকা যাতে নষ্ট না হয় সে জন্য আমাদের কী করা উচিত?**
  উত্তর : টাকা যাতে নষ্ট না হয় সেজন্য আমাদের করণীয়— ময়লা, অপরিষ্কার হাতে টাকা ধরব না, ভেজা হাতে টাকা ধরব না, টাকার উপর কোনো কিছু লিখব না, টাকা পানিতে ভেজাব না ইত্যাদি।

## পাঠ ২ আমার প্রয়োজনে আমার সঞ্চয়

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবি দেখে নিচের প্রশ্নগুলো উত্তর দাও।

- নিচের ছবিতে কী দেখতে পাচ্ছ?
- তোমার কাছে কি এটা আছে?
- এটি কী কাজে ব্যবহার করা হয়?
- কেন টাকা জমাও?



**নমুনা উত্তর**

- **ছবিতে কী দেখতে পাচ্ছ?**
  **উত্তর :** ছবিতে একটি মাটির ব্যাংক দেখতে পাচ্ছি।
- **তোমার কাছে কি এটা আছে?**
  **উত্তর :** হ্যাঁ। আমার কাছে একটি মাটির ব্যাংক আছে।
- **এটি কী কাজে ব্যবহার করা হয়?**
  **উত্তর :** এটি খুচরা টাকা-পয়সা সঞ্চয়ের কাজে ব্যবহার করা হয়।
- **কেন টাকা জমাও?**
  **উত্তর :** ভবিষ্যতের বিভিন্ন প্রয়োজন মেটানোর জন্য আমরা টাকা জমাই বা সঞ্চয় করি। কেননা সঞ্চয় হলো মানুষের বিপদের বন্ধু। বিপদের সময় আমরা সঞ্চয়ের টাকা ব্যবহার করে বিপদ কাটিয়ে উঠতে পারি। তাই ছোটোবেলা থেকেই আমাদের সঞ্চয়ী হতে হবে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।**

১। আমরা টাকা দিয়ে জিনিসপত্র কেনাকাটা করি।
২। চিকিৎসার জন্য টাকা দরকার।
৩। ঔষধ কিনতে টাকা লাগে না।
৪। উপহার কিনতে টাকার প্রয়োজন নেই।
৫। প্রয়োজন ছাড়া খরচ করা উচিত নয়।
৬। কম খরচ করাকে অপচয় বলে।
৭। আমরা অপচয় করব না।
৮। সঞ্চয় হলো মানুষের বিপদের বন্ধু।
৯। ছোটোবেলায় সঞ্চয় করার প্রয়োজন নেই।
১০। আমরা মাটির ব্যাংক, কাঠের বাক্স ও প্লাস্টিকের কৌটাতে সঞ্চয় করব।

**উত্তরমালা :** ১। সত্য; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। মিথ্যা; ৫। সত্য; ৬। মিথ্যা; ৭। সত্য; ৮। সত্য; ৯। মিথ্যা; ১০। সত্য।

**খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।**

১। কোনো বস্তুর দাম পরিশোধের আধুনিক মাধ্যম হলো —।
**উত্তর :** টাকা।
২। পরিবারের কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য — দরকার।
**উত্তর :** টাকার।
৩। প্রয়োজন ছাড়া — খরচ করা উচিত নয়।
**উত্তর :** টাকা।
৪। প্রয়োজনের বেশি খরচ করলে টাকা — হয়।
**উত্তর :** অপচয়।
৫। আমরা বই, খাতা, কলম আরও নানা জিনিস কিনতে — ব্যবহার করি।
**উত্তর :** টাকা।

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

৬। মানুষ বিভিন্ন উৎস থেকে — পেয়ে থাকে।
**উত্তর :** টাকা।
৭। মানুষ কোনো কিছু বিক্রি করলে তার দাম হিসেবে — পায়।
**উত্তর :** টাকা।
৮। মানুষের আয় থেকে খরচ করার পর যে টাকা বাকি থাকে তাই —।
**উত্তর :** সঞ্চয়।
৯। ভবিষ্যতের বিভিন্ন প্রয়োজন মেটানোর জন্যই আমরা — করি।
**উত্তর :** সঞ্চয়।
১০। আমাদের নানা ইচ্ছা পূরণের জন্য — প্রয়োজন।
**উত্তর :** টাকার।
১১। — হলো মানুষের বিপদের বন্ধু।
**উত্তর :** সঞ্চয়।
১২। — থেকেই সঞ্চয়ী হতে হবে।
**উত্তর :** ছোটোবেলা।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।**

**প্রশ্ন ১। কোনো বস্তুর দাম পরিশোধের আধুনিক মাধ্যম কী?**
**উত্তর :** কোনো বস্তুর দাম পরিশোধের আধুনিক মাধ্যম হলো টাকা।

**প্রশ্ন ২। পরিবারের কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য কী দরকার হয়?**
**উত্তর :** পরিবারের কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য টাকার দরকার হয়।

**প্রশ্ন ৩। প্রয়োজনের বেশি টাকা খরচ করলে কী হয়?**
**উত্তর :** প্রয়োজনের বেশি টাকা খরচ করলে টাকার অপচয় হয়।

**প্রশ্ন ৪। সঞ্চয় কী?**
**উত্তর :** নির্দিষ্ট আয় থেকে খরচ করার পর যে টাকা বাকি থাকে তা-ই সঞ্চয়।

**প্রশ্ন ৫।** **আমরা কেন টাকা জমাই?**

**উত্তর :** ভবিষ্যতের বিভিন্ন প্রয়োজন মেটানোর জন্যই আমরা টাকা জমাই।

**প্রশ্ন ৬।** **কোনটি মানুষের বিপদের বন্ধু?**

**উত্তর :** সঞ্চয় হলো মানুষের বিপদের বন্ধু।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।**

১. **কোনো বস্তুর দাম পরিশোধের আধুনিক মাধ্যম কোনটি?**
ⓚ বই ⓚh টাকা
ⓖ ঔষধ ⓖh কলম
**উত্তর :** (খ) টাকা।

২. **প্রতিদিনের জিনিসপত্র কিনতে কোনটি দরকার?**
ⓚ টাকা ⓚh খাদ্য
ⓖ কাগজ ⓖh কলম
**উত্তর :** (ক) টাকা।

৩. **প্রয়োজনের বেশি টাকা খরচ করলে—**
ⓚ অপচয় হয় ⓚh জমানো যায়
ⓖ সঞ্চয় করা যায় ⓖh ভবিষ্যৎ ভালো হয়
**উত্তর :** (ক) অপচয় হয়।

৪. **টিকিট কেনার জন্য কোনটি প্রয়োজন হয়?**
ⓚ খাবার ⓚh কাগজ
ⓖ টাকা ⓖh কলম
**উত্তর :** (গ) টাকা।

৫. **মানুষ কাজের বিনিময়ে কী পায়?**
ⓚ বেতন ⓚh খাবার
ⓖ ফসল ⓖh ভাড়া
**উত্তর :** (ক) বেতন।

৬. **আয় থেকে খরচ করার পর যে টাকা বাকি থাকে তা-ই—**
ⓚ উপহার ⓚh বিনিয়োগ
ⓖ দাম ⓖh সঞ্চয়
**উত্তর :** (ঘ) সঞ্চয়।

৭. **কোনটি মানুষের বিপদের বন্ধু?**
ⓚ সঞ্চয় ⓚh ধার
ⓖ সুদ ⓖh ঘুষ
**উত্তর :** (ক) সঞ্চয়।

৮. **খরচের পর যা আমরা জমাই সেটি—**
ⓚ ঘুষ ⓚh ঋণ
ⓖ সঞ্চয় ⓖh বিনিয়োগ
**উত্তর :** (গ) সঞ্চয়।

**খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।**

**প্রশ্ন ১।** **মানবজীবনে টাকার প্রয়োজনীয়তা লেখ।**

**উত্তর :** কোনো বস্তুর দাম পরিশোধের মাধ্যম হলো টাকা। আমরা টাকা দিয়েই জিনিসপত্র কেনাকাটা করি। কেউ অসুস্থ হলে তার চিকিৎসার জন্য টাকা প্রয়োজন। যাতায়াতের জন্য টাকা প্রয়োজন। মোটকথা টাকা ছাড়া মানুষের জীবন অচল। তাই মানবজীবনে টাকা প্রয়োজন।

**প্রশ্ন ২।** **আমরা কোথায় সঞ্চয় করব?**

**উত্তর :** আমরা মাটির ব্যাংক, কাঠের বাক্স ও প্লাস্টিকের কৌটা ইত্যাদিতে সঞ্চয় করতে পারি। এছাড়াও আমরা নিরাপদ কোনো স্থানে অল্প অল্প করে টাকা সঞ্চয় করতে পারি। এতে আমাদের ভবিষ্যৎ নিরাপদ থাকবে।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।**

**প্রশ্ন ১।** **বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) আমরা জিনিসপত্র কেনাকাটা করি | প্রিয়জনকে দিই। |
| (খ) চিকিৎসার জন্য | করব না। |
| (গ) আমরা উপহার কিনে | টাকা দিয়ে। |
| (ঘ) প্রয়োজন ছাড়া টাকা খরচ করা | বই, খাতা, কলম কিনতে। |
| (ঙ) আমরা অপচয় | টাকার দরকার। |
| | রিকশা ভাড়া দিতে। |
| | উচিত নয়। |

**উত্তরমালা :**

(ক) আমরা জিনিসপত্র কেনাকাটা করি **টাকা দিয়ে।**

(খ) চিকিৎসার জন্য **টাকার দরকার।**

(গ) আমরা উপহার কিনে **প্রিয়জনকে দিই।**

(ঘ) প্রয়োজন ছাড়া টাকা খরচ করা **উচিত নয়।**

(ঙ) আমরা অপচয় **করব না।**

**খ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ১।** **কোনো বস্তুর দাম পরিশোধের মাধ্যম কী? আমাদের কী করা উচিত নয়? টাকার ব্যবহার সম্পর্কে ৪টি বাক্য লেখ।**

**উত্তর :** কোনো বস্তুর দাম পরিশোধের মাধ্যম হলো টাকা। আমাদের অপচয় করা উচিত নয়।

টাকার ব্যবহার সম্পর্কে ৪টি বাক্য হলো—

১. টাকা দিয়ে উপহার কিনে প্রিয়জনকে দিই।
২. বই, খাতা, কলম কিনতে টাকা ব্যবহার করি।
৩. রিকশা ভাড়া দিতে টাকা ব্যবহার করি।
৪. ওষুধ কিনতে টাকা ব্যবহার করি।

**প্রশ্ন ২।** **সঞ্চয় কী? আমরা কেন সঞ্চয় করব? আমরা কোথায় সঞ্চয় করতে পারি?**

**উত্তর :** আয় থেকে খরচ করার পর যে টাকা বাকি থাকে তা-ই সঞ্চয়। ভবিষ্যতের বিভিন্ন প্রয়োজন মেটানোর জন্যই আমরা সঞ্চয় করি। আমরা মাটির ব্যাংক, কাঠের বক্স ও প্লাস্টিকের কৌটা ইত্যাদিতে টাকা সঞ্চয় করতে পারি।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | • দৈনন্দিন জীবনে টাকার ব্যবহার সম্পর্কে ধারণা লাভ করেছে | | | |
| | • টাকা সঞ্চয়ের ধারণা লাভ করেছে | | | |
| | • টাকা ব্যবহারের ক্ষেত্রসমূহ সম্পর্কে জেনেছে | | | |
| দক্ষতা | • বিভিন্ন ধরনের মুদ্রা ও মুদ্রার মূল্যমান চিহ্নিত করতে পারছে | | | |
| | • টাকা সঞ্চয়ের ক্ষেত্রসমূহ চিহ্নিত করতে পারছে | | | |
| দৃষ্টিভঙ্গি | • টাকার সঠিক ব্যবহার সম্বন্ধে উপলব্ধি করেছে | | | |
| | • টাকা সঞ্চয়ে আগ্রহী হতে ইতিবাচক দৃষ্টিভঙ্গি সৃষ্টি হয়েছে | | | |
| মূল্যবোধ | • শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে। | | | |
| | • অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুনেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : [ ] **ধারাবাহিক মূল্যায়ন** সময় : ...............

শিক্ষার্থীর নাম : ............................ শ্রেণি : ............................ রোল নম্বর : [ ]

**১। ছবিগুলো পর্যবেক্ষণ করে তার নিচে তথ্য লিখি–**

কীসের ছবি

----------।



কী করছে কেন করছে

--------------- ---------------

--------------- ---------------

**২। পড়ি ও আমি কেন সঞ্চয় করব তা নিচের ছকে লিখি–**

| ক্রমিক নং | যে যে কারণে আমি সঞ্চয় করব |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

**নির্দেশনা :** সঞ্চয় করার বিভিন্ন উপকারিতা সম্পর্কে ছকে লিখবে।

**৩। নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।**

(ক) পরিবারের কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য কী দরকার হয়?

(খ) প্রয়োজনের বেশি টাকা খরচ করলে কী হয়?

(গ) আমরা কেন টাকা জমাই?

### উত্তরমালা

১। ১২৯ পৃষ্ঠার ২নং পাঠের দলগত কাজ (ক) দ্রষ্টব্য।

২। ১২৯ পৃষ্ঠার ২নং পাঠের একক কাজ (খ) দ্রষ্টব্য।

৩। (ক) পরিবারের কেউ অসুস্থ হলে চিকিৎসার জন্য টাকার দরকার হয়।

(খ) প্রয়োজনের বেশি টাকা খরচ করলে টাকার অপচয় হয়।

(গ) ভবিষ্যতের বিভিন্ন প্রয়োজন মেটানোর জন্যই আমরা টাকা জমাই।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা [ ]